অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/15/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ক্যাপিটাল রিজিয়নের জল সরবরাহ পরিকাঠামো উন্নয়নের উদ্দেশ্যে আনুমানিক 42 মিলিয়ন ডলার অর্থ অনুদান হিসেবে দিয়েছেন

অনুদানের 130 মিলিয়ন ডলার অর্থ জলের উৎকর্ষতার উন্নয়নের উদ্দেশ্যসাধনের জন্য কাজে লাগানো হবে, যা করদাতাদের 89 মিলিয়ন ডলার অর্থ সঞ্চয় করবে

এই বিনিয়োগ আনুমানিক 2,000 কর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ক্যাপিটাল রিজিয়নের 20টি সংকটপূর্ণ পৌর জল সরবরাহ পরিকাঠামো প্রকল্পের জন্য 41.5 মিলিয়ন ডলার অর্থ অনুদান হিসেবে দেবার ঘোষণা করেছেন। এই অনুদানের মধ্যে 89.4 মিলিয়ন ডলার অর্থ করদাতাদের সঞ্চয় হবে এবং তা প্রায় 2,000 কর্মসংস্থান সৃষ্টিতে সাহায্য করবে। এই সমস্ত অনুদানগুলি রাজ্য সরকারের অত্যন্ত সফল জল সরবরাহ পরিকাঠামো উন্নয়ন আইন বা ওয়াটার ইনফ্রাসট্রাকচার ইমপ্রুভমেন্ট অ্যাক্ট (Water Infrastructure Improvement Act, WIIA) ও আন্তঃ-পৌর অনুদান বা ইন্টার মিউনিসিপ্যাল গ্র্যান্ট (Intermunicipal Grant, IMG) কর্মসূচিগুলির মাধ্যমে অর্থসাহায্য প্রাপ্ত হয়।

গভর্নর কুওমো বলেন, "আমাদের রাজ্যের জল সরবরাহ পরিকাঠামোয় বিনিয়োগ আমাদের অঞ্চলের উন্নতি ও সমৃদ্ধির জন্য এবং নিরাপদ, স্বাস্থ্যকর জনসমাজ রক্ষা করে চলার জন্য খুবই গুরুত্বপূর্ণ। আমাদের জল সরবরাহ পরিকাঠামো উন্নয়নের মধ্যে দিয়ে, আমরা আমাদের প্রাকৃতিক সম্পদগুলিকে রক্ষা করছি, ভবিষ্যৎ সমৃদ্ধির লক্ষ্যে ভিত্তি নির্মাণ এবং সকলের জন্য একটি আরও শক্তিশালী, আরও স্বাস্থ্যকর নিউ ইয়র্ক তৈরি করছি।"

"সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য আমাদের পানীয় জলকে দূষণমুক্ত ও নিরাপদ করার কাজটি সুনিশ্চিত করা অত্যন্ত জরুরি," **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বললেন।** "ক্যাপিটাল রিজিয়নের পরিকাঠামো উন্নয়নের জন্য করা এই অনুদান বিনিয়োগ জলের উৎকর্ষতা বৃদ্ধি ও রক্ষা করার প্রয়োজনীয়তাকে মেটাবে এবং সেই সঙ্গে ঐ অঞ্চলটিতে 1,000-এরও বেশি কর্মসংস্থান সৃষ্টিতেও সাহায্য করবে। আমরা এটি নিশ্চিত করতে চাই যে, কমিউনিটিগুলিতে যেন তাদের জল শোধন প্রণালীর উন্নয়নের জন্য প্রয়োজনীয় সংস্থানসমূহ থাকে এবং নাগরিকদের স্বাস্থ্য ও নিরাপত্তাকে সুনিশ্চিত করা যায়।"

2017 সালের গভর্নরের পরিশ্রুত জল সরবরাহ পরিকাঠামো আইন বা দ্য গভর্নর্স ক্লিন ওয়াটার ইনফ্রাসট্রাকচার

অ্যাক্ট (Governor's Clean Water Infrastructure Act) সমগ্র নিউ ইয়র্ক জুড়ে জলের গুণমান উন্নত করার জন্য 2.5 বিলিয়ন ডলার অর্থ নিয়োজিত করেছে। আজকের ঘোষণাটি কমিউনিটিগুলিতে অনুদান হিসেবে রাজ্যব্যাপী প্রদেয় মোট 270 মিলিয়ন ডলার অর্থের একটি অংশ, যার মধ্যে 19 মিলিয়ন ডলারের কিছু বেশি অর্থ অন্তর্ভুক্ত রয়েছে যা এমন সব প্রকল্পগুলিকে সাহায্যের জন্য কাজে লাগানো হবে যেগুলি ক্ষতিকারক অ্যালগির (harmful algal blooms, HABs) প্রকোপ বৃদ্ধির সঙ্গে যুক্ত সায়ানোটক্সিনের সমস্যার সমাধান করে এবং আগে ঘোষিত অনুদানগুলির মোট 15 মিলিয়ন ডলার অর্থ রয়েছে যা PFOA, PFOS, এবং 1,4 ডাইঅক্সেন ইত্যাদির মতো দূষণকারী পদার্থগুলির উদ্ভবের সমস্যার সমাধান করে।

এখন পর্যন্ত, রাজ্যব্যাপী চলা গুরুত্বপূর্ণ পানীয় ও বর্জ্য জলের পরিকাঠামোর প্রকল্পগুলির জন্য ওয়াটার ইনফ্রাসট্রাকচার অ্যাক্ট 750 মিলিয়ন ডলার অর্থ দিয়েছে এবং ইন্টারমিউনিসিপ্যাল গ্র্যান্ট কর্মসূচি প্রকল্পের মোট খরচের আনুমানিক 2.65 বিলিয়ন ডলার অর্থ দিয়েছে। সেই সঙ্গে স্টেট এনভায়রনমেন্ট ফেসিলিটিজ কর্পোরেশন (State Environmental Facilities Corporation), নিউ ইয়র্ক-এর মাধ্যমে শূন্য অথবা কম সুদে পাওয়া ঋণ থেকে করদাতাদের জন্য আনুমানিক 1.8 বিলিয়ন ডলার অর্থ সঞ্চিত হবে। অধিকন্তু, এই সমস্ত প্রকল্পগুলির নির্মাণ, সরবরাহ ও পরিষেবা ক্ষেত্রগুলিতে 47,000-এরও বেশি কর্মসংস্থান তৈরি হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

ক্যাপিটাল রিজিয়নের পৌরপ্রতিষ্ঠানগুলি যে সমস্ত অনুদানগুলি পাচ্ছে, যার মধ্যে দূষণকারী পদার্থের উদ্ভবের সমস্যা সমাধানকারী প্রকল্পগুলির জন্য বরাদ্দ 741,000 ডলার অর্থও অন্তর্ভুক্ত, সেগুলি হল:

WIIA/IMG অনুদান	প্রাপক	কাউন্টি	প্রকল্পের আনুমানিক ব্যয়	আনুমানিক অনুদান
পরিশ্রুত জল	Albany MWFA	Albany	$10,007,874	$1,512,792
পানীয় জল	Berlin, Town of	Rensselaer	$2,497,000	$1,498,200
পানীয় জল	Bolton, Town of	Warren	$1,500,000	$900,000
পানীয় জল	Clifton Park Water Authority	Saratoga	$1,123,750	$674,250
পরিশ্রুত জল	Columbia County	Columbia	$9,197,000	$2,299,250
পানীয় জল	Coxsackie, Village of	Greene	$5,000,000	$3,000,000
পরিশ্রুত জল	Duanesburg, Town of	Schenectady	$1,747,178	$436,795
পরিশ্রুত জল	Germantown, Town of	Columbia	$2,500,000	$625,000
পরিশ্রুত জল	Glens Falls, City of	Warren	$3,261,834	$815,459
পানীয় জল	Greenville, Town of	Greene	$1,845,300	$1,107,180
পানীয় জল	Greenwich, Village of	Washington	$6,337,000	$3,000,000
পানীয় জল	Mechanicville, City of	Saratoga	$255,000	$153,000
পরিশ্রুত জল	Moreau, Town of	Saratoga	$16,000,000	$4,000,000
*পানীয় জল	Petersburgh, Town of	Rensselaer	$1,234,950	$740,970
পানীয় জল	Ravena, Village of	Albany	$3,970,000	$2,382,000
+পানীয় জল	Saratoga County Water Authority	Saratoga	$7,943,342	$3,177,337

পরিশ্রুত জল	Schenectady, City of	Schenectady	$12,086,000	$3,021,500
পানীয় জল	South Glens Falls, Village of	Saratoga	$2,700,000	$1,620,000
পরিশ্রুত জল	South Glens Falls, Village of	Saratoga	$2,000,000	$500,000
+পানীয় জল	Troy, City	Rensselaer	$39,343,000	$10,000,000
		TOTALS:	**$130,549,228**	**$41,463,733**
+IMG প্রকল্প দূষণকারী পদার্থের উদ্ভব সম্পর্কিত প্রকল্প				

প্রকল্প সংক্রান্ত বিস্তারিত তথ্য সম্বলিত একটি মানচিত্র পাওয়া যাবে এখানে।

নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্ট ফেসিলিটিজ কর্পোরেশন-এর সভাপতি ও CEO সাব্রিনা টাই বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে, জল সরবরাহ পরিকাঠামোয় বিনিয়োগের ক্ষেত্রে নিউ ইয়র্ক রাজ্য সমগ্র দেশের নেতৃত্ব দিচ্ছে। চাহিদাসম্পন্ন কমিউনিটিগুলিকে উল্লেখযোগ্যভাবে অর্থসাহায্য দিতে পেরে দ্য এনভারনমেন্টাল ফেসিলিটিজ কর্পোরেশন গর্বিত। আমরা বর্তমান এবং ভবিষ্যৎ উভয় সময়ের নিউ ইয়র্কের জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সম্পদ সুনিশ্চিত করে রাখার কাজে সাহায্য করছি।"

নিউ ইয়র্ক রাজ্যের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার বেসিল সেগোস বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে, আমাদের অমূল্য জলসম্পদ রক্ষার কাজে নিউ ইয়র্ক রাজ্য নিরবিচ্ছিন্নভাবে পরিবেশ রক্ষার অগ্রদূতের ভূমিকা পালন করা অব্যাহত রেখেছে। এই অর্থসাহায্যের ফলে জলের গুণমান বাড়বে, অর্থনৈতিক উন্নতি ঘটবে এবং জল সরবরাহ পরিকাঠামোর উন্নতির মতো অত্যন্ত প্রয়োজনীয় কাজটি হবে, কারণ আমরা জলের গুণমান সংক্রান্ত আশু সমস্যাগুলিরও মোকাবিলা করতে পারব, যার মধ্যে অ্যালগির প্রকোপ বৃদ্ধি ও PFOA, PFOS, এবং 1,4 ডাইঅক্সেন ইত্যাদির মতো দূষণকারী পদার্থগুলিও সামিল।"

নিউ ইয়র্ক রাজ্যের স্বাস্থ্য কমিশনার ডাঃ হাওয়ার্ড এ. জুকার বললেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে, পরিকাঠামো উন্নয়ন খাতে নিউ ইয়র্ক রাজ্য অভূতপূর্ব অর্থসাহায্য ও অত্যাধুনিক পরিস্রাবণ প্রযুক্তিবিদ্যার ব্যবহার সুনিশ্চিত করেছে যা আগামি বহু দশক ধরে পরিশ্রুত ও কার্যকরী পানীয় জল সুরক্ষিত করবে। সমগ্র রাজ্য জুড়ে কমিউনিটিগুলিতে স্বাস্থ্য ও সুস্থতা বজায় রেখে চলার ক্ষেত্রে আমাদের জলসম্পদগুলিকে রক্ষা করা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক রাজ্য | এগজিকিউটিভ চেম্বার (Executive Chamber) |press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন